নং-এইচআরএমডি/ওএমডি/শাখা-১/ব্যঃ নথি(অ-১৮৬৫৪)/ ৮৩৯২ তারিখ ঃ ২২ অক্টোবর, ২০২৩

জনাব আব্দুল্লাহ আল কায়েস (জি-৩৫২৭০)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি
ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা।

বিষয় ঃ ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়নসহ (লাম্পগ্রান্ট-Lumpgrant) ঐচ্ছিক অবসর ও অবসর উত্তর ছুটি মঞ্জুর প্রসংগেঃ জনাব আব্দুল্লাহ আল কায়েস (জি-৩৫২৭০), এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চাকুরীর বয়স ২৫ বছর পূর্তিতে আপনার ১০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন ২০১৮ এর ৪৪ (১) ও ৪৭ ধারা এবং সোনালী ব্যাংক লিমিটেড কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২২ এর ৭০ (১) ও ৭৪ ধারা মোতাবেক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোক্তভাবে ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়নসহ (লাম্পগ্রান্ট-Lumpgrant) ০১ (এক) বছরের ঐচ্ছিক অবসর ও অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হল ঃ-

০১। আপনার আবেদন অনুযায়ী চাকুরির মেয়াদ ২৫ (পঁচিশ) বৎসর পূর্তিতে আপনি ১৫ অক্টোবর, ২০২৩ তারিখে ঐচ্ছিক অবসর গমণ করেছেন মর্মে গন্য হবেন।

০২। পূর্ণ গড় বেতনে আপনার ঐচ্ছিক অবসর উত্তর ছুটিকাল হবে ১৬ অক্টোবর, ২০২৩ তারিখ হতে ১৫ অক্টোবর ২০২৪ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসর।

০৩। অবসর উত্তর ছুটিকালে আপনি বেতন ছাড়াও বিধি মোতাবেক প্রচলিত হারে আর্থিক সুবিধা প্রাপ্য হবেন।

০৪। আপনার নামে কর্মচারী গৃহ নির্মাণ ঋণ, মোটর সাইকেল ঋণ ও পার্সোনাল ঋণ ও সাসপেন্স হিসাব-এর বকেয়া (যদি থাকে) এবং অন্য কোনরূপ ঋণ/ দায়দেনা থাকলে তা অবসরোত্তর আর্থিক সুবিধাদি হতে প্রযোজ্য ক্ষেত্রে বিধি/প্রদত্ত অঙ্গীকারনামা মোতাবেক আদায়/ সমন্বয় করা হবে।

দায়-দেনার বিবরণ ঃ-

(ক)	কর্মচারী গৃহ নির্মাণ ঋণ	ঃ	৮৬,৭১,৭৬৬/৬৮- টাকা	(স্থানীয় কার্যালয়, ঢাকা)
(খ)	মোটর সাইকেল ঋণ	ঃ	১,৬২,৮৪০/- টাকা	(স্থানীয় কার্যালয়, ঢাকা)
(গ)	পার্সোনাল লোন	ঃ	১২,৮১,৪৪৮/- টাকা	(ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা)

০৫। **আপনি ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়ন বাবদ (৬৩,২৮০ ×১৮)= ১১,৩৯,০৪০/- (এগার লক্ষ উনচল্লিশ হাজার চল্লিশ) টাকা প্রাপ্য হবেন।** প্রধান কার্যালয়ের পরিপত্র নং ৮৯১ এবং এমপ্লয়ীজ ওয়েলফেয়ার এন্ড ট্রান্সপোর্ট ডিভিশনের পরিপত্র নং-২০১৮/০১ তারিখ ১৬ সেপ্টেম্বর, ২০১৮ মোতাবেক আপনার চাকুরিকাল শেষে প্রাপ্য ভবিষ্য তহবিলের স্থিতি এবং এককালীন আনুতোষিক বাবদ প্রাপ্য টাকা হিসাবায়ন করে যদি কর্মচারী গৃহ নির্মাণ ঋণ সমন্বয় না হয় সেক্ষেত্রে তাঁর প্রাপ্য ছুটি নগদায়নের টাকা **স্থানীয় কার্যালয়, ঢাকা হতে গৃহিত কর্মচারী গৃহ নির্মাণ ঋণ হিসাবে জমা করা হবে।** ছুটি নগদায়ন বাবদ প্রাপ্য অর্থ (যদি থাকে) সোনালী ব্যাংক পিএলসি, **ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা কর্তৃক প্রদান করা হবে।**

০৬। তাছাড়া, এ ব্যাংকে চাকুরিকালে আপনার দ্বারা কোন প্রকার অনিয়ম সংঘটিত হয়ে থাকলে (যদি পরবর্তীতে উদঘাটিত হয়) তার জন্য আপনি দায়ী থাকবেন এবং ব্যাংকের কোন আর্থিক ক্ষতি হয়ে থাকলে আপনি উক্ত ক্ষতি পূরণে বাধ্য থাকবেন।

০৭। আপনার নিকট ব্যাংকের ডকুমেন্ট থাকলে তা ফেরত দিতে হবে।

আপনার বিশ্বস্ত,
স্বাক্ষরিত/-
(মোঃ মজিবুর রহমান)
ডেপুটি জেনারেল ম্যানেজার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরিত হল ঃ

০১। জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি. জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা- সাউথ, ঢাকা। ইহা আপনাদের ১০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের ৩৪২১ ও ০৯ অক্টোবর ২০২৩ তারিখের ৩৮৫৭ সংখ্যক পত্রের সূত্র বহন করে।

০২। ডেপুটি জেনারেল ম্যানেজার/এডিশনাল চীফ ইঞ্জিনিয়ার, সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (পেমেন্ট)/ এমপ্লয়ীজ ওয়েলফেয়ার এন্ড ট্রান্সপোর্ট ডিভিশন/এস্টাব্লিশমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশন/ এক্সটারনাল অডিট কমপ্লায়েন্স ডিভিশন/ ফরেন রেমিট্যান্টস ম্যানেজমেন্ট ডিভিশন/ কার্ডস ডিভিশন, সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। ডেপুটি জেনারেল ম্যানেজার, সংস্থাপন বিভাগ)/কর্মচারী ঋণ বিভাগ, সোনালী ব্যাংক পিএলসি. স্থানীয় কার্যালয়, ঢাকা।

০৪। ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখা, ঢাকা। কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে জনাব আব্দুল্লাহ আল কায়েস এর ১৮ (আঠারো) মাসের ছুটি নগদায়ন বাবদ প্রাপ্য অর্থ ০৫ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনানুসারে পরিশোধ করতঃ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

০৫। ইডিপি সেকশন/ ব্যক্তিগত নথি।

22/10/2023
ডেপুটি জেনারেল ম্যানেজার